# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭৬৫

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৫. হাজের বিবরণ ও মক্কায় প্রবেশ - ঈদের দিন হজ্বের কাজসমূহের মধ্যে ধারাবাহিকতা বজায় রাখার বিধান

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ـ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَقَفَ فِي حَجَّةِ الْوَدَاعِ, فَجَعَلُوا يَسْأَلُونَهُ, فَقَالَ رَجُلٌ: لَمْ أَشْعُرْ, فَحَلَقْتُ قَبْلَ أَنْ أَذْبَحَ. قَالَ: «اذْبَحْ وَلَا حَرَجَ» فَجَاءَ آخَرُ, فَقَالَ: لَمْ أَشْعُرْ, فَنَحَرْتُ قَبْلَ أَنْ أَرْمِيَ, قَالَ: «اِرْمِ وَلَا حَرَجَ» فَمَا سُئِلَ يَوْمَئِذٍ عَنْ شَيْءٍ قُدِّمَ وَلَا أُخِّرَ إِلَّا قَالَ: «افْعَلْ وَلَا حَرَجَ». مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (83)، ومسلم (1306)

বাংলা

৭৬৫. ’আবদুল্লাহ ইবনু ’আমর ইবনু আস (রাঃ) হতে বর্ণিত। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হাজের দিবসে মিনায় লোকেদের সম্মুখে (বাহনের উপর) দাঁড়ালেন। লোকেরা তাঁকে বিভিন্ন মাসআলা জিজ্ঞেস করছিল। জনৈক ব্যক্তি তাঁর নিকট এসে বলল, আমি ভুলক্রমে কুরবানীর পূর্বেই মাথা কামিয়ে ফেলেছি। তিনি বললেন, যবেহ কর, কোন ক্ষতি নেই। আর এক ব্যক্তি এসে বলল, আমি ভুলক্রমে কঙ্কর নিক্ষেপের পূর্বেই কুরবানী করে ফেলেছি। তিনি বললেন: কঙ্কর ছুড়ো, কোন অসুবিধে নেই। ’আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) বলেন, ’নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেদিন পূর্বে বা পরে করা যে কোন কাজ সম্পর্কেই জিজ্ঞাসিত হচ্ছিলেন, তিনি এ কথাই বলেছিলেন: কর, কোন ক্ষতি নেই।[1]

## English

'Abdullah Ibn ‘Amro bin al-’As (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) stood in Mina during the Farewell Hajj, while the people asked him questions and he answered them. A man asked, ‘O Prophet of Allah! I was not alert and I shaved my head before slaughtering my animal?’ The Prophet (ﷺ) said:
“There is no harm, go and slaughter your animal." Another man asked, ‘I slaughtered the animal before I threw the pebbles? Prophet (ﷺ) said: “There is no harm, go and throw your pebbles." The narrator said: "Whoever asked the Prophet (ﷺ) about anything done before or after the other he told him "No harm done. Go and do (whatever you missed)." Agreed upon.

## ফুটনোট

[1] বুখারী ৮৩, ১৩২৪, ১৭৩৬, ১৭৩৮, মুসলিম ১৩০৬, তিরমিযী ৯১৬, আবূ দাউদ ২০১৪, ইবনু মাজাহ ৩০৫১, আহমাদ ৬৩৪, মুওয়াত্তা মালেক ৯৫৯, দারেমী ১৯০৭, ১৯০৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70576

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন